

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১২৮২

পর্ব - ১১% জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ গণহত্যার বিধান

### আরবী

وَعَنْ مَكْحُولٍ; \_ أَنَّ النَّبِيَّ \_ صلى الله عليه وسلم \_ نَصَبَ الْمَنْجَنِيقَ عَلَى أَهْلِ الطَّائِفِ \_ أَخْرَجَهُ أَبُو دَاؤُدَ فِي «الْمَرَاسِيلِ» وَرِجَالُهُ ثِقَاتُ وَوَصَلَهُ الْعُقَيْلِيُّ بِإِسْنَادٍ ضَعِيفٍ عَنْ عَلِيِّ \_ رضي الله عنه

ضعيف. رواه أبو داود في «المراسيل» (335) من طريق سفيان، عن ثور، عن مكحول، به. وهو وإن كان صحيح السند، فهو ضعيف؛ لأنه مرسل. وروي أيضًا بسند صحيح، عن الأوزاعي قال: قلت ليحيى بن أبي كثير: أبلغك أن النبي صلى الله عليه وسلم رماهم بالمنجنيق؟ فأنكر ذلك. وقال: ما يعرف هذا

#### বাংলা

১২৮২। মাকহুল (রহঃ) হতে বর্ণিত; নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তায়িফবাসীর উপর মিনজানিক (ক্ষেপনাস্ত্র) ব্যবহার করেছিলেন।[1]

## **English**

Makhul (RAA) narrated, 'The Messenger of Allah (ﷺ) set up the ballista while attacking the people of at-Ta'if`.' Related by Abu Dawud with a trustworthy chain of narrators, but it is hadith Mursal.

### ফুটনোট



[1] ইমাম যাহাবী তাঁর মীযানুল ই'তিদাল ২/৪১৩ গ্রন্থে বলেন, এতে আবদুল্লাহ বিন খাররাশ বিন হাওশাব রয়েছে যার ত্রুটি বর্ণনা করা হয়েছে। খুলাসাহ আল বাদারুল মুনীর ২/৩৪৫ গ্রন্থে একে মুরসাল বলেছেন। ইবনু হাজার তাঁর আত-তালখীসুল হাবীর ৪/১৪৩৯ গ্রন্থে বলেন, হাদীসটি মুরসাল, উকাইল ভিন্ন সানাদে আলী থেকে মুত্তাসিলরূপে বর্ণনা করেছেন।

শাইখ মুহাম্মাদ বিন আবদুল ওয়াহহাব তাঁর আল-হাদীস কিতাবে ৩/২৪৩ গ্রন্থে বলেন, এর বর্ণনাটি মুরসাল। আলবানী তাখরীজ মিশকাতুল মাসাবীহ ৩৮৮৬ গ্রন্থে একে মুরসাল উল্লেখ করে বলেন, অন্য একটি বর্ণনায় চল্লিশ দিন কথাটি বৃদ্ধি করে বর্ণিত হয়েছে সেটিও মুরসাল তবে তা সহীহ সানাদে বর্ণিত। ইমাম আবূ দাউদ একে তার মারাসীল ৩৯২ গ্রন্থে বর্ণনা করেছেন। ইবনু কাসীর তাঁর ইরশাদুল ফাকিয়্যাহ ২/৩০৬ গ্রন্থে এবং ইবনু হাজার তাঁর আদি দিরায়্যাহ ২/১১৫ গ্রন্থে একে মুরসাল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মাকহূল (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন